যুগান্তর

তারিখ : 24 OCT 2016
পৃষ্ঠা 2 কলাম 6

# রাবির 'বি' ও 'ডি' ইউনিটের ভর্তি পরীক্ষা আজ

**রাবি প্রতিনিধি**

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) আইন অনুষদভুক্ত 'বি' ও বিজনেস স্টাডিজ (বিবিএ) অনুষদভুক্ত 'ডি' ইউনিটের ভর্তি পরীক্ষা আজ অনুষ্ঠিত হবে। সকাল ৯টা থেকে ১০টা পর্যন্ত 'বি' ইউনিটের বিজোড় রোলধারীদের পরীক্ষা গ্রহণের মধ্য দিয়ে চলতি শিক্ষা বর্ষের ভর্তি পরীক্ষা শুরু হবে। মাঝে ১ ঘণ্টা বিরতি দিয়ে বেলা ১১টা থেকে ১২টা পর্যন্ত 'বি' ইউনিটের জোড় রোলধারীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে। এদিন দুপুর ১টা থেকে ২টা পর্যন্ত বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত 'ডি' ইউনিটের 'বাণিজ্য' গ্রুপের এবং বিকাল সাড়ে ৩টা থেকে সাড়ে ৪টা পর্যন্ত অবাণিজ্য গ্রুপের পরীক্ষা হবে।

**কাল 'সি' ও 'এইচ' ইউনিট :** আগামীকাল মঙ্গলবার বিজ্ঞান অনুষদভুক্ত 'সি' ও প্রকৌশল অনুষদভুক্ত 'এইচ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। সকাল ৯টা থেকে ১০টা পর্যন্ত 'সি' ইউনিটের বিজোড় রোল এবং বেলা ১১টা থেকে ১২টা পর্যন্ত জোড় রোলধারীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে। এদিন দুপুর ১টা থেকে ২টা 'এইচ' ইউনিটের বিজোড় এবং বিকাল সাড়ে ৩টা থেকে সাড়ে ৪টা পর্যন্ত জোড় রোলের ভর্তিচ্ছুদের পরীক্ষা হবে।

**চবির 'এ' ইউনিটের পরীক্ষা সম্পন্ন :** চবি প্রতিনিধি জানান, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) ২০১৬-১৭ শিক্ষা বর্ষের সম্মান শ্রেণীর ভর্তি পরীক্ষা শুরু হয়েছে। রোববার সকাল সাড়ে ১০টায় বিজ্ঞান অনুষদের অধীনে 'এ' ইউনিটের ভর্তি পরীক্ষার মাধ্যমে শুরু এবারের ভর্তিযুদ্ধ। পরে বেলা আড়াইটায় ইন্সটিটিউট অব ফরেস্ট্রি অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেসের অধীনে অনুষ্ঠিত হয় 'জে' ইউনিটের ভর্তি পরীক্ষা।